# Times Today BD

সিনিয়র রিপোর্টার | ঢাকা | 26 April, 2025

বৈদ্যুতিক ত্রুটির কারণে মেট্রোরেল চলাচল বন্ধ রয়েছে।এতে ভোগান্তিতে পড়েছেন যাত্রীরা।

শনিবার (২৬ এপ্রিল) বিকেল সাড়ে ৫টা নাগাদ এ ত্রুটির ঘটনা ঘটে।

এমআরটি লাইন-৬ এর দায়িত্বশীল সূত্র ঢাকা পোস্টকে জানিয়েছে, আপাতত ট্রেন চলাচল বন্ধ আছে।পাওয়ার ট্রিপ ঘটছে।তবে ঠিক কোথায় হয়েছে, এটি এখনই বলা যাচ্ছে না।আমরা খুঁজে বের করার চেষ্টা করছি।

ডিএমটিসিএল সূত্র জানিয়েছে, ওভারহেড ক্যাটেনারিতে যে বিদ্যুৎ সরবরাহ হয় সেটা কোথাও ফল করেছে।সেটি ঠিক করার চেষ্টা করছি।

এদিকে, ভোগান্তিতে পড়া যাত্রীরা সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন মন্তব্য করছেন।

জয় সাহা হৃদয় লিখেছেন, 'আধঘণ্টা যাবৎ কাজীপাড়া স্টেশনে দাঁড়িয়ে আছি, মেট্রোরেল বন্ধ আছে।কখন খুলবে কেউ বলতে পারেন?'

আরিফ জিহান লিখেছেন, 'কারিগর ত্রুটির কারণে মেট্রো চলাচল বন্ধ।উত্তরা উত্তরগামী মেট্রো আগারগাঁও এসে ১৫ মিনিট যাবৎ দাঁড়িয়ে আছে। গরমে ভিতরে অবস্থা কাহিল।

বৈদ্যুতিক ত্রুটি মেট্রোরেল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:43

URL: https://www.timestodaybd.com/dhaka/7758071485